রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, অক্টোবর ১, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ আশ্বিন ১৪২৩/২০ সেপ্টেম্বর ২০১৬

নং **২৫.০০.০০০০.০১৯.০১.০১.২০০৯(অংশ)-৬৮৪**—ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০০৮ এর ৩৫(চ) এবং ৪০ বিধি অনুযায়ী রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অথরাইজড অফিসার, ইমারত নির্মাণ কমিটি ও বৃহদায়তন বা বিশেষ প্রকল্প অনুমোদন কমিটির আদেশের বিরুদ্ধে পেশকৃত সকল আপিল নিষ্পত্তিকল্পে ১৫ জুলাই ২০১৪ তারিখের প্রশা-৬/রাজ-০১/২০০৯(অংশ)/৩৮৭ নম্বর প্রজ্ঞাপনে গঠিত নিম্নবর্ণিত অ্যাপিলেট উপ-কমিটির মেয়াদ দুই বছরের জন্য মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে বৃদ্ধি করা হলো:

| ক্রমিক | পদবী ও কর্মস্থল | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| (১) | চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | চেয়ারম্যান |
| (২) | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |
| (৩) | অতিরিক্ত প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর | সদস্য |
| (৪) | উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| (৫) | বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট এর সভাপতি/সাধারণ সম্পাদক | সদস্য |
| (৬) | বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সভাপতি/সাধারণ সম্পাদক | সদস্য |
| (৭) | বাংলাদেশ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট এর সভাপতি/সাধারণ সম্পাদক | সদস্য |
| (৮) | সদস্য (প্রশাসন ও অর্থ), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | সদস্য-সচিব |



**মূল্য :** টাকা ৪.০০

২। **কার্যপরিধিঃ** অ্যাপিলেট উপ-কমিটির মেয়াদ হবে ০২(দুই) বছর। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ-এর সংশ্লিষ্ট শাখা অ্যাপিলেট উপ-কমিটিকে যাবতীয় সাচিবিক সহায়তা প্রদান করবে। অ্যাপিলেট উপ-কমিটির চেয়ারম্যান ও অপর যে কোন ০৪ (চার) জন সদস্য উপস্থিত থাকলেই সভার কোরাম গঠন হয়েছে বলে গণ্য হবে। অ্যাপিলেট "উপ-কমিটির" সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করবেন এবং অবর্তমানে তাঁর লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত সদস্য সভাপতির দায়িত্ব পালন করবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শ্যামলী নবী**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd